

আপনি যদি একজন ব্ল্যাক বা ল্যাটিনক্স (কৃষ্ণাঙ্গ বা লাতিনো) হাই স্কুল শিক্ষার্থী হন যিনি একটি NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন হাই স্কুলে 2021 থেকে 2024 সালে ভর্তি আছেন বা হতে যাচ্ছেন

(অথবা একজন ব্ল্যাক বা ল্যাটিনক্স (কৃষ্ণাঙ্গ বা লাতিনো) হাই স্কুল শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক হন যে একটি NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন হাই স্কুলে 2021 থেকে 2024 সালে ভর্তি আছে বা হতে যাচ্ছে)

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ-এর সাথে নিষ্পত্তি বিষয়ক এই নোটিস অনুগ্রহ করে পড়ুন কারণ আপনার অধিকারের উপর এর প্রভাব পড়তে পারে।

ক্লাস অ্যাকশন (শ্রেণিভুক্তদের পক্ষে পদক্ষেপ) মামলার প্রস্তাবিত নিষ্পত্তি ব্ল্যাক বা ল্যাটিনক্স (কৃষ্ণাঙ্গ বা লাতিনো) হাই স্কুল শিক্ষার্থী, যারা একটি NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন হাই স্কুলে ভর্তি আছে বা হতে যাচ্ছে এবং যারা 2021 থেকে 2024 সালে পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ-এ খেলছে বা খেলতে পারবে, তাদের উপর প্রভাব ফেলতে পারে।

যদি এই নিষ্পত্তি গৃহীত হয়, তাহলে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ NYC পাবলিক হাই স্কুলের স্পোর্টস টিম-এ নিচে বর্ণিত পরিবর্তন সাধন করতে সম্মত হবে।

অনুগ্রহ করে এই প্রস্তাবিত নিষ্পত্তি সম্পর্কে সম্পূর্ণ তথ্য জানতে সংযুক্ত নোটিসটি পড়ুন।

নিউ ইয়র্ক স্টেট-এর সুপ্রিম কোর্ট, নিউ ইয়র্ক কাউন্টি
মোয়াসেস হিমিনেজ (Moises Jimenez) এবং অন্যান্য বনাম নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং
অন্যান্য

আপনি যদি একজন ব্ল্যাক বা ল্যাটিনক্স (কৃষ্ণাঙ্গ বা লাতিনো) NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর কোনো হাই
স্কুলে ভর্তি থাকেন বা ভর্তি হবেন, এবং 2021 থেকে 2024 সালে পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ-এর মাধ্যমে
খেলছেন বা খেলতে সক্ষম হবেন এমন শিক্ষার্থী হন, তাহলে আপনি এই ক্লাস অ্যাকশন মামলার অংশবিশেষ।

আপনি সক্রিয় থাকলে বা না থাকলেও এই মামলায় আপনার আইনি অধিকার প্রভাবিত হতে পারে। এই নোটিস
মনোযোগের সাথে পড়ুন।

প্রস্তাবিত নিষ্পত্তি (“Settlement”) NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন (“DOE”) এবং পাবলিক স্কুল অ্যাথলেটিক
লিগ (“PSAL”) অন্যান্য জাতি ও জাতিগোষ্ঠীর তুলনায় ব্ল্যাক (কৃষ্ণাঙ্গ) ও ল্যাটিনক্স (লাতিনো) হাই স্কুল
শিক্ষার্থীদের সাথে অসম ও অন্যায় আচরণ করে স্বল্পতর স্পোর্ট টিম-এর সুযোগ দিয়েছে বলে অভিযোগ দায়ের
করা একটি ক্লাস অ্যাকশন মামলার নিষ্পত্তি করে। এসব অভিযোগ সংশ্লিষ্ট যেকোন অপকর্মের অভিযোগ DOE
অস্বীকার করেছে।

মামলাটির সমাধানের জন্য DOE এবং PSAL ব্ল্যাক (কৃষ্ণাঙ্গ) ও ল্যাটিনক্স (লাতিনো) হাই স্কুল শিক্ষার্থীদের
অধিকতর PSAL স্পোর্টস-এর সুযোগ বৃদ্ধির জন্য কিছু পদক্ষেপ গ্রহণে রাজি হয়েছে। এই নিষ্পত্তির অধীনে ক্লাস
সদস্যদের (শ্রেণিভুক্তদের) অধিকার নিচে বিবৃত হলো।

এই নিষ্পত্তি অনুযায়ী আপনার আইনি দায়িত্ব ও সুযোগসমূহ:

1. **আপত্তি** → আপনি নিষ্পত্তিতে সম্মত না হলে কোর্টে লিখিত দিতে পারেন।
2. **ন্যায্যতা শুনানি (ফেয়ারনেস হিয়ারিং)-এ অংশগ্রহণ করুন** → এই নিষ্পত্তির ন্যায্যতা সম্পর্কে আপনি
কোর্টে কথা বলতে পারেন।
 - **আপনি যদি কিছুই না করেন**, এবং একজন বিচারক নিষ্পত্তি গ্রহণ করেন, শ্রেণিভুক্তদের একজন হিসেবে
আপনি নিষ্পত্তির শর্ত মেনে নিতে বাধ্য থাকবেন।
 - এই অধিকার ও বিকল্পসমূহের কথা এই নোটিসে ব্যাখ্যা করা থাকবে। এসব অধিকার ও বিকল্পসমূহের
সুযোগ গ্রহণের একটি সময়সীমা থাকে।

আপনার যদি কোন প্রশ্ন থাকে অথবা আপনি যদি নিষ্পত্তি চুক্তির পূর্ণ কপি পেতে আগ্রহী হন, নিউ ইয়র্ক লয়ার্স
ফর দ্যা পাবলিক ইন্টারেস্ট-এ 212-244-4664 নম্বরে ফোন করুন অথবা www.nylpi.org/get-help/ সাইট
দেখুন।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

1. মামলাটির বিষয়বস্তু কী?

এই মামলাটি মোয়াসেস হিমিনেজ (Moises Jimenez) এবং অন্যান্য বনাম নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং অন্যান্য ইনডেক্স নম্বর 155825/2018, দায়ের করা হয়েছিল একদল ব্ল্যাক (কৃষ্ণাঙ্গ) ও ল্যাটিনক্স (লাতিনো) শিক্ষার্থীদের দ্বারা যারা NYC ডিপার্টমেন্ট অব এডুকেশন হাই স্কুলে পড়ালেখা করছে। তারা আফটার স্কুল স্পোর্টস-এর অধিকতর সুযোগ চেয়েছে এবং তারা বিশ্বাস করে যে সেটা সম্ভব করার জন্য PSAL-এর নীতি ও আচরণের পরিবর্তন প্রয়োজন। PSAL, যা NYC ডিপার্টমেন্ট অব এডুকেশনের অংশ, নির্ধারণ করে কীভাবে স্পোর্টস্ টিমগুলোকে অপর হাই স্কুলের সাথে প্রতিযোগিতায় অবতীর্ণ হতে দেওয়া হবে।

শিক্ষার্থীরা মামলাটি শুরু করেছিল 21 জুন, 2018-এ একটি অভিযোগ দায়ের করার মধ্য দিয়ে। এই নথিটিতে উল্লেখ করা হয়েছে যে DOE এবং PSAL (একসাথে "আসামীগণ" বা "Defendants") নিউ ইয়র্ক সিটির মানবাধিকার আইন লঙ্ঘন করেছে কারণ তারা অন্যান্য জাতি ও জাতিগোষ্ঠীর চেয়ে ব্ল্যাক (কৃষ্ণাঙ্গ) এবং ল্যাটিনক্স (লাতিনো) হাই স্কুল শিক্ষার্থীদের জন্য স্বল্পতর স্পোর্টস্ টিমের সুযোগ রেখে তাদের সাথে অন্যায় ও বৈষম্যমূলক আচরণ করেছে। আসামীগণ কোনো ভুল কাজ করার কথা অস্বীকার করেছেন।

2. মামলা বলতে কী বুঝায়?

একটি "মামলা" (lawsuit) একজন ব্যক্তিকে (কিংবা একদল মানুষকে), যারা মনে করেন তাদের ক্ষতি করা হয়েছে, সুযোগ দেয় অপর ব্যক্তির (বা সংগঠনের) বিরুদ্ধে আনুষ্ঠানিকভাবে এ দাবি জানাবার যে, তারা ক্ষতিগ্রস্ত হয়েছেন। মামলাটি দায়ের (ফাইল) করা হয় আদালতে, এবং একজন বিচারক সেটার তদারকি করেন। কে সঠিক, সেটা নির্ধারণ করতে বিচারক বা জুরিকে বলা হতে পারে, অথবা এ ক্ষেত্রে যেমন ঘটেছে, পক্ষগুলো বিষয়টি নিয়ে "নিষ্পত্তি" (settle) করতে একমত হতে পারেন কারণ কী সংঘটিত হওয়া উচিত, সেটাতে তারা সম্মত।

3. ক্লাস অ্যাকশন (শ্রেণিভুক্তদের পক্ষে পদক্ষেপ) বলতে কী বুঝায়?

একটি "শ্রেণিভুক্তদের পক্ষে পদক্ষেপ" (class action) হলো একটি মামলা যা শুরু হয় কয়েকজন ব্যক্তির দ্বারা (যাদেরকে বলা হয় "শ্রেণির প্রতিনিধি" (Class Representatives) যারা একটি বৃহত্তর দলের প্রতিনিধিত্ব করেন (যাদেরকে "শ্রেণি" বা ক্লাস বলা হয়)। শ্রেণির সবার অনুরূপ শ্রেণি প্রতিনিধির মাঝে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য থাকে যার ফলে তারা একই সমস্যা মোকাবেলা করেন।

এই মামলায় শ্রেণি প্রতিনিধিগণ হলেন একদল ব্ল্যাক (কৃষ্ণাঙ্গ) এবং ল্যাটিনক্স (লাতিনো) NYC পাবলিক হাই স্কুল শিক্ষার্থী—ময়েসেস হিমিনেজ, ডিভন লংলি (Moises Jimenez, Devaun Longley), এবং তাদের কিছু

সহপাঠী—এবং তাদের শ্রেণির অন্তর্ভুক্ত আছে সকল ব্ল্যাক (কৃষ্ণাঙ্গ) এবং ল্যাটিনক্স (লাতিনো) যারা NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন হাই স্কুলে পড়ছে বা শীঘ্রই ভর্তি হবে এবং PSAL-এর মাধ্যমে হাই স্কুল স্পোর্টস্ টিমে 2021 থেকে 2024 সালে খেলছে বা খেলবে।

4. এই পদক্ষেপে কারা এই শ্রেণিটির সদস্য?

যারা ব্ল্যাক (কৃষ্ণাঙ্গ), আফ্রিকান-আমেরিকান, হিস্প্যানিক, অথবা ল্যাটিনক্স (লাতিনো) বংশোদ্ভূত জাতির বা জাতিগোষ্ঠীর অন্তর্ভুক্ত হিসেবে শনাক্তকৃত, যারা NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন হাই স্কুলে স্প্রিং (বসন্ত) 2024 পর্যন্ত পড়ছে (অথবা পড়বে) এবং PSAL-এর মাধ্যমে হাই স্কুল স্পোর্টস্-এ খেলছে (বা খেলতে সক্ষম হবে), এমন সকল শিক্ষার্থী।

এর অর্থ হলো, যদি এই বর্ণনাটি নিষ্পত্তির আওতাভুক্ত 2021-2024 পর্যন্ত বিস্তৃত সময় আপনার প্রতি প্রযোজ্য হয়, তাহলে আপনি এই নিষ্পত্তির শর্ত থেকে সুবিধা লাভ করবেন।

5. কেনো এই নিষ্পত্তিটি করা হয়েছে?

বিচারক ও জুরির সামনে একে অপরের সাথে তর্কাতর্কি করে সময় নষ্ট করার চাইতে আদালত কক্ষের বাইরে শ্রেণি প্রতিনিধি এবং আসামীগণ এখানে একে অপরের সাথে আপসরফা করেছেন। এভাবে, তারা একটি বিচার পরিচালনার ব্যয় ও ঝুঁকি এড়িয়েছেন, এবং শ্রেণিটি শীঘ্রই সুবিধা লাভ করবে। মামলা সমাধানের এটি একটি সাধারণ পন্থা। বিচারক কারও পক্ষে কোনো সিদ্ধান্ত দিচ্ছেন না। তার স্থলে, উভয় পক্ষ ন্যায্য, যুক্তিসঙ্গত এবং সমতাভিত্তিক বলে মনে করেন, এমন একটি নিষ্পত্তি চুক্তিতে তারা একমত হয়েছেন।

সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, শ্রেণি প্রতিনিধি ও তাদের আইনজীবীরা মনে করেন, এই নিষ্পত্তিটি পুরো শ্রেণির সেরা স্বার্থ রক্ষা করে।

6. এই নিষ্পত্তিটি কি চূড়ান্ত?

প্রায়, তবে এখনও সম্পন্ন হয়নি! এটিকে চূড়ান্ত করতে হলে নিউ ইয়র্ক সুপ্রিম কোর্ট-এর একজন বিচারককে এই চুক্তিটিকে অনুমোদন দিতে হবে। প্রথমত, একটি ন্যায্যতা শুনানি (ফেয়ারনেস হিয়ারিং)-এর সময়সূচি নির্ধারিত হয়েছে 9 মার্চ, 2022, সময় 10AM-এ। এই শুনানির পর বিচারক সিদ্ধান্ত নেবেন নিষ্পত্তিকে তিনি অনুমোদন দেবেন কি না এবং সেটাকে চূড়ান্ত ও "বাধ্যতামূলক" (binding) করবেন কি না, অর্থাৎ এতে যা যা বলা হয়েছে, সেসব DOE, PSAL এবং শ্রেণির (ক্লাসের) জন্য অবশ্য করণীয় করবেন কি না।

যদি বিচারক নিষ্পত্তিকে অনুমোদন দেন এবং সেটা চূড়ান্ত হয়, তাহলে DOE এবং PSAL-কে নিষ্পত্তিতে দেওয়া রূপরেখার প্রক্রিয়া অনুযায়ী হাই স্কুল স্পোর্টস্ সম্প্রসারিত করতে হবে, এবং বিচারক —এবং শ্রেণির আইনজীবীগণ—সেগুলোর অগ্রগতির প্রতি নজর রাখবেন। প্রক্রিয়াটি চলাকালে, শ্রেণি সদস্যগণ মামলাটির আওতাভুক্ত একই সমস্যা নিয়ে DOE এবং PSAL-এর উপর মামলা করতে পারবেন না।

7. এই মামলায় আমার কি কোন আইনজীবী আছে?

আপনি যদি একজন শ্রেণি সদস্য হন, তাহলে হ্যাঁ। পাবলিক ইন্টারেস্ট ইনক্, প্যাটারসন বেলকন্যাপ ওয়েব অ্যান্ড টাইলার LLP, এবং এমারি চেলি ব্রিনকারহফ অ্যাভাডি ওয়ার্ড অ্যান্ড মাজেল LLP-এর পক্ষ থেকে আইনজীবীগণ এই নিষ্পত্তির ব্যাপারে আপনাদের প্রতিনিধিত্ব করছেন। আপনি তাদের সাথে ফোনে 212-244-4664 নম্বরে অথবা ইমেইলে fairplay@nylpi.org ঠিকানায় যোগাযোগ করতে পারবেন।

এসব আইনজীবীগণ এই মামলা বা নিষ্পত্তিতে আপনার প্রতিনিধিত্ব করার জন্য কোনো পারিশ্রমিক দাবি করবেন না। এর স্থলে, এসব আইনজীবীগণ এই মামলায় তাদের কাজের জন্য আসামীদের কাছ থেকে নিষ্পত্তির অংশ হিসেবে পারিশ্রমিক পাবেন।

আপনি যদি আপনার নিজস্ব আইনজীবীর দ্বারা প্রতিনিধিত্ব করতে চান, তাহলে আপনার নিজের অর্থে একজনকে নিয়োগ দিতে পারেন।

8. এই নিষ্পত্তির শর্ত অনুযায়ী DOE এবং PSAL কী কী পদক্ষেপ গ্রহণ করবে বলে প্রতিশ্রুতি করেছে?

যদি নিষ্পত্তি অনুমোদিত হয়, তাহলে DOE এবং PSAL-কে নির্দিষ্ট কিছু পদক্ষেপ গ্রহণ করতে হবে নিষ্পত্তির সময়টিতে, যার শুরু হবে অনুমোদনের তারিখ থেকে, এবং শেষ হবে 2024-এ।

নির্দিষ্ট করে, DOE এবং PSAL-কে যা যা করতে হবে:

- সিটি জুড়ে গড়ে যেসব নির্দিষ্ট স্কুল ডিস্ট্রিক্টগুলোতে স্বল্পতর PSAL স্পোর্টস্ টিম-এর সুযোগ রয়েছে, সেগুলোতে যৌথ প্রবেশযোগ্য প্রোগ্রামসমূহ, অথবা “SAPs,” (নিচে সবিস্তারে বর্ণিত হয়েছে) সম্প্রসারিত করা; এবং
- 2021-2022, 2022-2023, এবং 2023-2024 শিক্ষা বছরগুলোতে নির্দিষ্ট একক DOE হাই স্কুলগুলোর প্রতিটিতে ন্যূনতম পাঁচটি করে যোগ করতে হবে। অবস্থানগত কিংবা অন্যান্য কারণে কোনো SAP-তে অংশগ্রহণ করতে না পারায় সর্বনিম্ন PSAL স্পোর্টস্ টিম আছে যেসব হাই স্কুলে, তারা সেগুলোকে লক্ষ্যস্থল করবে।

SAPs সম্প্রসারণ + বাড়তি নতুন টিম যোগ করার ফলে 2024-এর স্প্রিং-এর (বসন্তের) মধ্যে মোট ন্যূন্যতম 200টি নতুন PSAL টিম-এর নিশ্চয়তা দেবে।

তদুপরি, DOE এবং PSAL-কে অবশ্যই:

- ছয়জন পূর্ণকাল অ্যাথলেটিক ডিরেক্টর কোঅর্ডিনেটর ও একজন স্কাজুয়েলার নিয়োগ দিতে হবে এসব নতুন প্রোগ্রাম তদারক করার জন্য; এবং
- নতুন স্পোর্টস্ প্রোগ্রামগুলো কেমন চলছে, সে ব্যাপারে যাতে শিক্ষার্থী ও পিতামাতাগণ “তাৎক্ষণিক” (real time) মন্তব্য জানাতে পারেন, সেটার জন্য একটি ব্যবস্থা তৈরি করতে হবে।

যৌথ প্রবেশযোগ্য প্রোগ্রামসমূহ (যেগুলোকে “SAP” বলা হয়) সম্প্রসারণ:

শ্রেণির জন্য DOE যে প্রধান উপায়ে PSAL স্পোর্টস্ টিম-এ প্রবেশের সুযোগ বাড়তে পারে, সেটা হলো যৌথ প্রবেশযোগ্য প্রোগ্রামস (“SAP”) সৃষ্টি ও সম্প্রসারণ করে। এ মডেল অনুযায়ী যেসব হাই স্কুলগুলো পরস্পরের কাছাকাছি অবস্থিত, সেগুলোকে একটি যৌথ PSAL স্পোর্টস্ টিম-এ দলভুক্ত করা হবে যাতে তারা এককভাবে একটি স্কুলের চাইতে যৌথভাবে অধিক স্পোর্টস্ টিম-এ অংশগ্রহণের সুযোগ পায়।

এর অর্থ হলো, আপনি একটি ক্ষুদ্র হাই স্কুলে থাকলে আপনাকে হয়ত এমন টিম-এ থাকতে হবে যেখানে নিকটবর্তী আরেকটি স্কুলের শিক্ষার্থী থাকবে। এই ব্যবস্থা আপনাকে ভিন্ন ভিন্ন খেলায় অংশগ্রহণের এবং বিভিন্ন টিম থেকে বেছে নেওয়ার জন্য বিভিন্ন খেলা যাচাই করে দেখার অধিকতর সুযোগ দেবে।

আপনার স্কুল একটি SAP-এর অংশ হওয়ার জন্য মনোনীত হলে আপনি কোন স্পোর্টস্-এ অংশগ্রহণে আগ্রহী, PSAL-কে সেটা জানানর জন্য একটি স্টুডেন্ট স্পোর্টস্ সার্ভে (শিক্ষার্থীর খেলাধুলা সম্পর্কিত জরিপ)-এ অংশ নিতে পারবেন। আপনার SAP-তে কোন স্পোর্টস্ টিম তৈরি করতে হবে, স্টুডেন্ট স্পোর্টস্ সার্ভে সেটা নির্ধারণে PSAL-কে সহায়তা করবে।

কীভাবে SAP তৈরি করা হবে এবং পরিচালিত হবে, নিম্নলিখিত সে বিষয়ে আরও অনেক গভীর বর্ণনা দেবে। নিম্নলিখিত মাধ্যমে কোন ডিস্ট্রিক্ট একটি নতুন SAP পাওয়ার এবং কবে নাগাদ পাওয়ার প্রস্তাব করছে, নিচের “সারসংক্ষিপ্ত তালিকা” থেকে সেটা জানা যাচ্ছে, যদিও ডিস্ট্রিক্টগুলো পরিবর্তনসাপেক্ষ।

ডিস্ট্রিক্ট 1, 9, 12, 23, এবং 32	এসব ডিস্ট্রিক্ট ইতোমধ্যে একটি SAP পাইলট প্রোগ্রামে যুক্ত আছে। স্প্রিং (বসন্ত) 2022 মওসুম পর্যন্ত PSAL মোট SAP সংখ্যা এসব ডিস্ট্রিক্ট-এ10-এ উন্নীত করবে।
ডিস্ট্রিক্ট 14, 15, 16	এসব ডিস্ট্রিক্ট স্প্রিং (বসন্ত) 2022 মওসুম পর্যন্ত কমপক্ষে একটি এবং স্প্রিং (বসন্ত) 2023 মওসুম পর্যন্ত কমপক্ষে পাঁচটি SAP লাভ করবে।
ডিস্ট্রিক্ট 2, 5, 6, 7, এবং 19	এসব ডিস্ট্রিক্ট স্প্রিং (বসন্ত) 2022 মওসুম পর্যন্ত কমপক্ষে একটি SAP এবং স্প্রিং (বসন্ত) 2024 মওসুম পর্যন্ত বাড়তি SAP লাভ করবে।
ডিস্ট্রিক্ট 4, 17, 24, এবং 29	এসব ডিস্ট্রিক্ট স্প্রিং (বসন্ত) 2024 মওসুম পর্যন্ত কমপক্ষে একটি SAP লাভ করবে।
ডিস্ট্রিক্ট 8 এবং 13	এসব ডিস্ট্রিক্ট-এর যেসব স্কুলে শিক্ষার্থীদের 12টির কম স্পোর্টস্ টিম-এর সুযোগ রয়েছে, তারা স্প্রিং (বসন্ত) 2024 মওসুম পর্যন্ত কমপক্ষে একটি SAP-এর সুযোগ লাভ করবে।
ব্রংক্স আর্লি কলেজ অ্যাকাডেমি	এই স্কুল স্প্রিং (বসন্ত) 2022 পর্যন্ত SAP-এর মাধ্যমে কমপক্ষে আটটি টিম-এ প্রবেশের সুযোগ পাবে।
আরবান অ্যাসেম্বলি ব্রংক্স অ্যাকাডেমি অব লেটার্স	এই স্কুলটি স্প্রিং (বসন্ত) 2022-এ একটি SAP-তে অন্তর্ভুক্ত হবে।
ইন-টেক অ্যাকাডেমি হাই স্কুল	এই স্কুলটি স্প্রিং (বসন্ত) 2022-এ একটি SAP-তে অন্তর্ভুক্ত হবে।

9. DOE এবং PSAL তাদের প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করছে, সেটা আমি কীভাবে জানবো? যদি তারা সেটা না করে?

যদি বিচারক নিষ্পত্তি অনুমোদন করেন, তাহলে DOE এবং PSAL-কে নিষ্পত্তির শর্তগুলো মেনে চলতে হবে। নিষ্পত্তির সময় DOE এবং PSAL যে নিষ্পত্তির শর্তগুলো মেনে চলছেন, সেটা নিশ্চিত করার জন্য শ্রেণি প্রতিনিধিদের প্রতিনিধিত্বকারী আইনজীবী ও শ্রেণি (ক্লাস) সদস্যগণ তা যাচাই করে দেখবেন। এটার সাথে সম্পর্কিত নির্দিষ্ট কিছু উপাত্ত আইনজীবীদের কাছে দিতে DOE এবং PSAL বাধ্য। যদি আইনজীবীগণ নির্ধারণ করেন যে DOE এবং PSAL তাদের প্রতিশ্রুতি মেনে চলছে না, তাহলে আইনজীবীদের ক্ষমতা আছে শ্রেণির (ক্লাসের) পক্ষ হয়ে আইনি পদক্ষেপ গ্রহণের।

আপনার যদি উদ্বেগ থাকে যে DOE এবং PSAL নিষ্পত্তির শর্তগুলো মেনে চলছে না, তাহলে নিউ ইয়র্ক লয়ার্স ফর দ্যা পাবলিক ইন্টারেস্ট-এর কাছে 212-244-4664 নম্বরে ফোন করুন বা FairPlay@nylpi.org ঠিকানায় ইমেইল করুন।

10. আমি যদি নিষ্পত্তিটি পছন্দ না করি, তাহলে কী হবে?

আপনি যদি শ্রেণি (ক্লাস) সদস্য হয়ে থাকেন, তাহলে আপনি নিষ্পত্তির বা নিষ্পত্তির অংশবিশেষের ব্যাপারে প্রথাগতভাবে চুক্তি প্রতি "আপত্তি" (অমত) অসম্মতি জানাতে পারেন।

আপত্তি জানাতে হলে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক লয়ার্স ফর দ্যা পাবলিক ইন্টারেস্ট বরাবর এই মর্মে চিঠি পাঠাতে হবে যে, আপনি *ময়েসেস হিমিনেজ (Moises Jimenez)* এবং *অন্যান্য বনাম নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন* -এর নিষ্পত্তির ব্যাপারে আপনি আপত্তি করছেন। আপনার চিঠিতে যে কারণে আপনি চাইছেন বিচারক যেন নিষ্পত্তিতে অনুমোদন না দেন, সুনির্দিষ্ট সে কারণ এবং আপনার আপত্তির সমর্থনে যদি কোনো প্রমাণ থাকে, তাহলে সেগুলো জানাবেন। নিশ্চিত করবেন যে এতে আপনার নাম, ঠিকানা, ফোন নম্বর, আপনার সই, এবং আপনি (অথবা আপনার প্রতিনিধিত্বকারী কোনো আইনজীবী) নিষ্পত্তি ন্যায্যতা শুনানিতে (সেটলমেন্ট ফেয়ারনেস হিয়ারিং-এ) কথা বলতে চাইবেন কি না, উল্লেখ করবেন। আপত্তির চিঠি পাঠাবেন নিচের ঠিকানায় **18 ফেব্রুয়ারি, 2022** বা তার আগের তারিখের সীলমোহরযুক্ত করে:

New York Lawyers for the Public Interest

Attn: Sports Equity

151 West 30th Street, 11th floor

New York, NY 10001

New York City Law Department

Attn: Mark G. Toews

100 Church Street

New York, NY 10007

শ্রেণিভুক্তদের (ক্লাস-এর) আইনজীবী তারপর আপনার চিঠি নিষ্পত্তি ন্যায্যতা শুনানি (সেটলমেন্ট ফেয়ারনেস হিয়ারিং)-এর তারিখের আগে বিচারকের কাছে দেবেন।

আপনারও সুযোগ আছে নিষ্পত্তি ন্যায্যতা শুনানিতে (সেটলমেন্ট ফেয়ারনেস হিয়ারিং-এ) উপস্থিত থাকার। শুনানির নির্ধারিত সময়সূচি হলো **9 মার্চ, 2022, 10AM-এ** 80 Centre Street, New York, NY 10013 ঠিকানায় অবস্থিত কুইন্স কাউন্টি, নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের 308 নম্বর কামরায়।